JUN 05 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..৮.. কলাম ..৬.....

দৈনিক ইনকিলাব

# মাদ্রাসায় ডিগ্রীপ্রাপ্তদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণে সত্বর সিদ্ধান্ত গ্রহণ সমীচীন

## —পিএসসি

সংসদ রিপোর্টার ঃ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ডিগ্রীপ্রাপ্তদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুপারিশের বিষয়ে সত্বর সিদ্ধান্ত গ্রহণের জন্য বলেছে বাংলাদেশ সরকারী কর্মকমিশন। গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদে উপস্থাপিত কমিশনের প্রতিবেদনে এই তাগিদ দেয়া হয়।

কমিশনের ২০০১ সনের বার্ষিক প্রতিবেদনে মাদ্রাসায় অধ্যয়নকৃত ছাত্র-ছাত্রীদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে বলা হয় যে, মাদ্রাসা শিক্ষা বোর্ড

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## মাদ্রাসায় ডিগ্রীপ্রাপ্ত

৮-এর পৃষ্ঠার পর

কর্তৃক দাখিল ও আলিম পাসের যে সনদপত্র প্রদান করা হয় তা যথাক্রমে এসএসসি ও এইচএসসি'র সমমানের বলে গণ্য। কিন্তু আলিম পাসের পর মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ফাজিল বা কামেল পাসের সনদপত্র দেয়া হয় তা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত কোন ডিগ্রীর সমমানের বলে সরকার কর্তৃক ঘোষিত নয়। ফলে মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত ছাত্র-ছাত্রীগণ বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে না। জানা যায় যে, ফাজিলকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ডিগ্রীর সমতুল্য কিনা তা বিবেচনা করে সুপারিশ প্রদানের জন্য ইতিপূর্বে ইউজিসি-তে একটি কমিটি গঠিত হয়েছিল। ফাজিলের সিলেবাসকে ডিগ্রীর সমতুল্য করে আপ-ডেট করার জন্য কমিটি সুপারিশও করেছিল। কিন্তু উক্ত সুপারিশের ভিত্তিতে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা তা জানা যায়নি। মাদ্রাসা শিক্ষাকে গুরুত্বদানের লক্ষ্যে এ ব্যাপারে সত্বর সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে বলে কমিশন মনে করে।